# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রারের কার্যালয়
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
www.iau.edu.bd

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-১১৫/২০১৫/১৭৫৮-৮ তারিখ ২৯ পৌষ ১৪৩২
১৩ জানুয়ারি ২০২৬

বিষয়: অভিযোগ নিষ্পত্তি প্রসঙ্গে।

ভান্ডারিয়া শাহবুদ্দিন ফাজিল মাদরাসা, ডাকঘর: ভান্ডারিয়া, উপজেলা-ভান্ডারিয়া, জেলা: পিরোজপুর এর ২০২৩-২০২৪ সনের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব নিরীক্ষা ও গভর্নিং বডি অনুমোদন না দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি এবং মাদরাসার অধ্যক্ষ জনাব মুহাম্মদ আব্দুর রহীম খান-এর প্রতি অনাস্থা জ্ঞাপন, দুর্নীতি, অর্থ আত্মসাৎ ও স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে তদন্তের নিমিত্তে বিশ্ববিদ্যালয়ে সকল পক্ষের উপস্থিতিতে শুনানী/পর্যালোচনা পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই-বাছাই করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য কমিটি গঠন করা হয়েছে। গঠিত তদন্ত কমিটির আহ্বায়ক ও ডীন, প্রফেসর ড. মোহাম্মদ অলী উল্যাহ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় গত ২৪.০৯.২০২৫খ্রি. ও ২৮.০৯.২০২৫খ্রি. তারিখে অভিযোগকৃত বিষয় নিষ্পত্তির জন্য আগামী ২০.০১.২০২৬ খ্রি. তারিখে সকাল ১১.০০ ঘটিকায় উক্ত কমিটির সভা আহ্বান করেছেন। উক্ত সভায় আপনাকে/আপনাদেরকে প্রয়োজনীয় কাগজপত্রসহ স্বশরীরে বিশ্ববিদ্যালয়ের ডীন ও কমিটির আহ্বায়কের অফিসে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। উক্ত তারিখ ও সময়ে আপনি/আপনারা উপস্থিত হতে ব্যর্থ হলে একতরফা শুনানীর মাধ্যমে বিষয়টি নিষ্পত্তি করা হবে।

কমিটির আহ্বায়কের নির্দেশক্রমে

(স্বাক্ষর) ১৩/০১/২৬

(আজাহারুল ইসলাম হিমেল)
সহকারী রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
ও সদস্য সচিব
তদন্ত কমিটি (ইআবি)
মোবাইল: ০১৬৪১১৪৪৭৪৫

বিতরণ:
১. অধ্যক্ষ, ভান্ডারিয়া শাহবুদ্দিন ফাজিল মাদরাসা, পিরোজপুর।
২. জনাব মোঃ তমির উদ্দিন মিঞা গং, অভিযোগকারী, মোবাইল: ০১৭১০৪২১৬৯৬।
৩. শিক্ষকবৃন্দ, ভান্ডারিয়া শাহবুদ্দিন ফাজিল মাদরাসার, পিরোজপুর।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/ফা.গ.ব/ব-১১৫/২০১৫/১৭৫৮-৮ (৪) তারিখ: ১৩.০১.২০২৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>
১. প্রফেসর ড. মোহাম্মদ অলী উল্যাহ, ডীন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
২. প্রফেসর মোঃ আইউব হোসেন, রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৩. আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. সংশ্লিষ্ট নথি।

(স্বাক্ষর) ১৩/০১/২৬
আজাহারুল ইসলাম হিমেল
সহকারী রেজিস্ট্রার